

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা
সাধারণ শাখা

www.magura.gov.bd

স্মারক নম্বর: ০৫.১৫.৫৫০০.০০০.০০৬.৯৯.২৬-৫১৫

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩৩
৩০ আগস্ট ২০২৬

সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

‘সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা – ২০২৬’ এর আলোকে প্রাথমিকভাবে মাগুরা জেলার প্রতি ইউনিয়ন ও পৌরসভার জন্য বিদ্যমান ডিলার ইউনিটের বিপরীতে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

ক্রম	উপজেলা	ইউনিয়ন/পৌরসভা
১)	মাগুরা সদর উপজেলা	মাগুরা পৌরসভা
২)		০১ নং হাজিপুর ইউনিয়ন
৩)		০২ নং আঠার খাদা ইউনিয়ন
৪)		০৩ নং কচ্ছন্দী ইউনিয়ন
৫)		০৪ নং বগিয়া ইউনিয়ন
৬)		০৫ নং হাজরাপুর ইউনিয়ন
৭)		০৬ নং রাঘব দাইড় ইউনিয়ন
৮)		০৭ নং মঘী ইউনিয়ন
৯)		০৮ নং জগদল ইউনিয়ন
১০)		০৯ নং চাউলিয়া ইউনিয়ন
১১)		১০ নং শত্রুজিতপুর ইউনিয়ন
১২)		১১ নং বেরইল পলিতা ইউনিয়ন
১৩)		১২ নং কুচিয়ামোড়া ইউনিয়ন
১৪)		১৩ নং গোপালগ্রাম ইউনিয়ন
১৫)	শ্রীপুর উপজেলা	০১ নং গয়েশপুর ইউনিয়ন
১৬)		০২ নং আমলসার ইউনিয়ন
১৭)		০৩ নং শ্রীকোল ইউনিয়ন
১৮)		০৪ নং শ্রীপুর ইউনিয়ন
১৯)		০৫ নং দ্বারিয়াপুর ইউনিয়ন

ক্রম	উপজেলা	ইউনিয়ন/পৌরসভা
২০)		০৬ নং কাদিরপাড়া ইউনিয়ন
২১)		০৭ নং সন্দালপুর ইউনিয়ন
২২)		০৮ নং নাকোল ইউনিয়ন
২৩)	শালিখা উপজেলা	০১ নং ধনেশ্বরগাতী ইউনিয়ন
২৪)		০২ নং তালখড়ি ইউনিয়ন
২৫)		০৩ নং আড়পাড়া ইউনিয়ন
২৬)		০৪ নং শতখালী ইউনিয়ন
২৭)		০৫ নং শালিখা ইউনিয়ন
২৮)		০৬ নং বুনাগাতী ইউনিয়ন
২৯)		০৭ নং গংগারামপুর ইউনিয়ন
৩০)	মহম্মদপুর উপজেলা	০১ নং বাবুখালী ইউনিয়ন
৩১)		০২ নং বিনোদপুর ইউনিয়ন
৩২)		০৩ নং দীঘা ইউনিয়ন
৩৩)		০৪ নং রাজাপুর ইউনিয়ন
৩৪)		০৫ নং বালিদিয়া ইউনিয়ন
৩৫)		০৬ নং মহম্মদপুর ইউনিয়ন
৩৬)		০৭ নং পলাশবাড়িয়া ইউনিয়ন
৩৭)		০৮ নং নহাটা ইউনিয়ন

শর্তাবলী:

(ক) ‘সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা - ২০২৬’ এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে। পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন তাঁর প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচায়ক পত্র (Cover Letter) সহ আবেদন দাখিল করতে হবে।

(খ) আবেদনকারীকে উল্লিখিত ডিলার ইউনিটের বিপরীতে ২০২৬ এর নীতিমালায় বর্ণিত শর্ত পূরণসাপেক্ষে আবেদন করতে হবে।

(গ) যোগ্যতা:

- ১) আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/পৌরসভা বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;
- ২) নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ২৫ মে.টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে। তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ সংরক্ষণ করা যাবে না;
- ৩) বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা হতে হবে;
- ৪) আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;
- ৫) ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;
- ৬) আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;
- ৭) আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং
- ৮) আবেদনকারীর টিআইএন থাকতে হবে।

(ঘ) অযোগ্যতা:

- ১) ইতঃপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতঃপূর্বে ব্যবসায় অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দণ্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দণ্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;
- ২) কোন সংবিধিবদ্ধ সরকারি/আধাসরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/পাবলিক বিশ্ববিদ্যালয়/এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না; এবং
- ৩) সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ বা যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত খুচরা বিক্রেতার আইডি কার্ড থাকলে পরিবারের অপর কেউ ডিলারশিপের/খুচরা বিক্রেতার আইডি কার্ডের জন্য আবেদন করতে বা ডিলার বা খুচরা বিক্রেতা হতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, স্বামী/স্ত্রী, পুত্র, পুত্রের স্ত্রী, পুত্রের পুত্র ও তাদের স্ত্রী, অবিবাহিত কন্যা ও নির্ভরশীল ভাই ও বোন যারা এক খানায় খাদ্য গ্রহণ করে তাদের বোঝানো হয়েছে;

(ঙ) আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২,০০০.০০ (দুই হাজার) টাকার পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি বরাবর জমা দিতে হবে;

(চ) একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আর্নেস্টম্যানি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্টম্যানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনিবার্চিত আবেদনকারী বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্টম্যানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

(ছ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান:

- ১) ০৩ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত;
- ২) আবেদনপত্র উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, মাগুরা এর দপ্তরে জমা করতে হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


30.08.2026

মোতাকবীর আহমেদ

জেলা প্রশাসক, মাগুরা

এবং

সভাপতি

জেলা সার ও বীজ মনিটরিং কমিটি

ফোন: ০২৪৭৭৭১০৩০২

ইমেইল: dcmagura@mopa.gov.bd